

## 📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৬৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৬৯]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْإِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৫৩: ফরয সালাতে সিজদা করা

### باب السجود في الفريضة

আরবী

أَخْبَرَنَا حُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، عَنْ سُلَيْمٍ وَهُوَ ابْنُ أَخْضَرَ، عَنِ التَّيْمِيِّ، قَالَ: حَدَّثَنِي بَكْرُ بْنُ عَبْدِ اللَّهِ الْمُزْنِيُّ، عَنْ أَبِي رَافِعٍ، قَالَ: صَلَّيْتُ خَلْفَ أَبِي هُرَيْرَةَ صَلَاةَ الْعِشَاءِ يَعْنِي الْعَتَمَةَ فَقَرَأَ سُورَةَ إِذَا السَّمَاءُ انشَقَّتْ فَسَجَدَ فِيهَا فَلَمَّا فَرَغَ قُلْتُ: يَا أَبَا هُرَيْرَةَ هَذِهِ يَعْنِي سَجْدَةً مَا كُنَّا نَسْجُدُهَا قَالَ: سَجَدَ بِهَا أَبُو الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا خَلْفَهُ فَلَا أزالُ أَسْجُدُ بِهَا حَتَّى أَلْقَى أَبَا الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ .

تخريج دارالدعوة: صحيح البخارى/الأذان ١٠٠ (٧٦٦)، ١٠١ (٧٦٨)، سجود القرآن ١١ (١٠٧٨)، صحيح مسلم/المساجد ٢٠ (٥٧٨)، سنن ابى داود/الصلاة ٣٣١ (١٤٠٧)، (١٤٠٨)، (تحفة الأشراف: ١٤٦٤٩)، مسند احمد ٢/٢٢٩، ٢/٢٥٦، ٢/٢٥٩ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 969 - صحيح

বাংলা

৯৬৮. হুমায়দ ইবনু মাস'আদাহ (রহ.) ..... আবু রাফি (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবু হুরায়রাহ্ (রাঃ)-এর পশ্চাতে 'ইশার সালাত আদায় করেছি। তিনি (৮৪. সূরাহ আল ইনশিক্বাক) “ইয়াস্ সামাউন শাক্কত” সূরাহ্ পাঠ করে তাতে সিজদা করলেন। যখন তিনি সালাত সমাপ্ত করলেন, আমি বললাম, হে আবু হুরায়রাহ্! আমরা তো এ সিজদা করতাম না। তিনি বললেন, এ সিজদা করেছেন আবুল কাসিম (সা.)। তখন আমি তার পশ্চাতে ছিলাম। অতএব, আমি সবসময় এ সিজদা করতে থাকব, যতদিন না আমি আবুল কাসিম -এর সঙ্গে মিলিত হব।

## English

### 53. Prostration During Obligatory Prayers

It was narrated that Abu Rafi' said: I prayed Isha' prayer- meaning Al-'Atamah behind Abu Hurairah and he recited: 'When the heaven is split asunder' and prostrated during it. When he had finished praying, I said: 'O Abu Hurairah, (this is) a prostration that we are not used to.' He said: 'Abu Al-Qasim (ﷺ) did this prostration and I was (praying) behind him, and I will continue to do this prostration until I meet Abu Al-Qasim.'

### ফুটনোট

সহীহ: বুখারী ৭৬৮, ১০৭৮; মুসলিম ৫৭৮, সহীহ আবু দাউদ ১২৬৯।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু রাফি' (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87342>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন